

# আপনি কি মেডেটোমিডিন এর কথা শনেছেন?

এটি কী?

মেডেটোমিডিন বা "রাইনো ট্রাক্স" হলো পশুচিকিৎসায় ব্যবহৃত এক ধরনের সিডেটিভ, যা xylazine (জাইলাজিন) এর চেয়েও শক্তিশালী।

এটি কোথায় থাকে?

নিউ ইয়র্ক সিটিতে মাদকদ্রব্যের নমুনা পরীক্ষায় নিয়মিতভাবে মেডেটোমিডিন পাওয়া গেছে।

এর ফলে কী হয়?

মেডেটোমিডিন এর কারণে দীর্ঘ সময় গভীর ঘুম বা বিমুনি ভাব, নিম্ন রক্তচাপ এবং কাঁপুনি হতে পারে।

আপনার কী জানা আবশ্যিক?

মেডেটোমিডিন প্রত্যাহারের প্রতিক্রিয়া খুব দ্রুত শুরু হতে পারে এবং তা অত্যন্ত গুরুতর হতে পারে। কখনও কখনও হাসপাতালে যাওয়ার অনেকের প্রয়োজন হতে পারে।

# মেডেটোমিডিন প্রত্যাহারের প্রতিক্রিয়া এবং কখন হাসপাতালে যেতে হবে

মেডেটোমিডিন প্রত্যাহারের কারণে যা  
হতে পারে:

- খুব দ্রুত হৃৎস্পন্দন
- অতিরিক্ত উচ্চ রক্তচাপ
- জেগে থাকা সত্ত্বেও ঠিকমতো সাড়া  
না দেওয়া বা চেতনা আসা-যাওয়ার  
মধ্যে থাকা
- প্রচুর ঘাম হওয়া
- কাঁপুনি বা ঝাঁকুনি হওয়া
- উদ্বেগ ও অস্থিরতা

যেসব লক্ষণে হাসপাতালে যেতে হবে:

- বমি বন্ধ না হওয়া
- বুকে ব্যথা হওয়া
- জেগে থাকা সত্ত্বেও ঠিকমতো সাড়া  
না দেওয়া বা ;চেতনা আসা-যাওয়ার  
মধ্যে থাকা
- অথবা প্রত্যাহারের প্রতিক্রিয়ার  
উপসর্গগুলি স্বাভাবিকের চেয়ে  
মারাত্মক আকার ধারণ করলে

আরও তথ্য এবং ক্ষতি কমানোর সংস্থানের জন্য,  
[nyc.gov/alcoholanddrugs](https://nyc.gov/alcoholanddrugs)-এ দেখুন।

এই কার্ডটি ফিলাডেলফিয়া জনস্বাস্থ্য বিভাগের তৈরি করা তথ্য থেকে গ্রহণ করা হয়েছে।  
ফেব্রুয়ারি 2026-এ তৈরি।

**NYC**  
Health